

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(মার্জিন)

বিধিমালা,২০২৫ -এর সারসংক্ষেপ

মার্জিন অর্থায়ন হচ্ছে পুজিবাজার এ এমন এক ধরনের অর্থায়ন যেখানে বিনিয়োগকারী নিজস্ব অর্থায়ন এবং ঋণকৃত অর্থায়ন(মার্জিন) এর সমন্বয়ে পুজিবাজারে অর্থ বিনিয়োগ করেন। বাংলাদেশে মার্জিন অর্থায়ন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(মার্জিন) বিধিমালা,২০২৫ দ্বারা নিয়ন্ত্রিত হয়। এই বিধিমালাটি নভেম্বর ২০২৫ থেকে কার্যকর এবং আগস্ট ২০২৬-এ হালনাগাদকৃত। এর আগে মার্জিন অর্থায়ন Margin Rules, 1999 দ্বারা নিয়ন্ত্রিত হত।

এই বিধিমালা অনুযায়ী ইকুইটি ও ঋণ (মার্জিন) এর ন্যূনতম অনুপাত ১:১ নির্ধারণ করেছে। এছাড়া যদি কোনো গ্রাহকের ইকুইটি, মার্জিন অর্থায়ন এর ২৫% এর কম হয়, তাহলে গ্রাহককে কোনো নোটিশ প্রদান ছাড়া মার্জিন অর্থায়নকারী প্রয়োজনীয় সংখক সিকিউরিটিজ আবশ্যিক ভাবে বিক্রয় করবে। উদাহরণসরূপ কোন বিনিয়োগকারী যদি ৫০,০০০ টাকা বিনিয়োগ এর মধ্যে ২৫,০০০ টাকা নিজস্ব অর্থায়ন ও ২৫,০০০ টাকা ঋণ (মার্জিন) থেকে অর্থায়ন করেন তবে তা এই বিধি মোতাবেক করা যাবে। কিন্তু বাজারে শেয়ার এর দাম পড়ে যাওয়ার কারণে মূলধন ও ঋণ(মার্জিন) এর অনুপাত যদি ১:১ এর নিচে নেমে যায় তবে ঋণ (মার্জিন) প্রদানকারী সংস্থা বিনিয়োগকারীকে মূলধন ঘাটতি পূরণ এর জন্য বিনিয়োগকারীকে নোটিশ প্রদান করবে। এছাড়াও যদি কোনো গ্রাহকের ইকুইটি, মার্জিন অর্থায়ন এর ২৫ % এর কম হয়, তাহলে গ্রাহকের হিসাব সমন্বয়ের নিমিত্তে মার্জিন অর্থায়নকারী প্রয়োজনীয় সংখক সিকিউরিটিজ আবশ্যিক ভাবে বিক্রয় করবে।

এই বিধিমালা মোতাবেক মার্জিন অর্থায়নকারীর একটি ঝুঁকি বাবস্থাপনা কমিটি এবং একটি গবেষণা দল থাকবে। ঝুঁকি বাবস্থাপনা কমিটি বছরে অন্তত ৪ টি সভা করতে হবে। এবং গবেষণা দলে অন্তত দুই সদস্য বিশিষ্ট হবে। এছাড়াও সকল ঝুঁকি বিবেচনা পূর্বক মার্জিন অর্থায়নকারীর মার্জিন অর্থায়ন সংক্রান্ত নিজস্ব নীতিমালা থাকবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা,২০২৫ মোতাবেক মার্জিন অর্থায়ন প্রাপ্তির জন্য কোনো বিনিয়োগকারীর স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজে ন্যূনতম ৩ লক্ষ টাকা বিনিয়োগ থাকতে হবে। এছাড়াও কোনো 'G', 'N', ও 'Z' ক্যাটাগরিভুক্ত সিকিউরিটিজ বা স্টক এক্সচেঞ্জের SME, ATB ও OTC প্ল্যাটফর্ম বা বোর্ড এ তালিকাভুক্ত কোনো সিকিউরিটিজে মার্জিন অর্থায়ন করা যাবে না। এছাড়াও মার্জিন অর্থায়ন এ বিবেচ্য সিকিউরিটিজের মূল্য-আয় (P/E বা price to earnings ratio) অনুপাত ৪০ (চল্লিশ) এর অধিক বা শেয়ার প্রতি আয় ঋণাত্মক (Negative EPS) হলে ওই সিকিউরিটিজে মার্জিন অর্থায়ন করা যাবে না। এছাড়াও এই বিধিমালা মোতাবেক তালিকাভুক্ত জীবন বীমা কোম্পানির price to book value (P/B Ratio) ০৩ এর বেশী হলে অথবা নীট সম্পদ মূল্য ঋণাত্মক হলে ওই সিকিউরিটিজ এ মার্জিন অর্থায়ন করা যাবে না।

তথ্যসূত্র (References)

- [/https://sec.gov.bd/storage/laws/Notification_20.08.2026.pdf](https://sec.gov.bd/storage/laws/Notification_20.08.2026.pdf)

সম্পাদনায় :

গবেষণা ও উন্নয়ন বিভাগ,

সিএমএসএফ

যোগাযোগ : +৮৮০২৪১০৫২৪৩০-৩১ (Ext-১৩০)